বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ৯ম সভার (জরুরি) কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : রবিবার, ২৮ মার্চ ২০১০

সময় : সন্ধ্যা ৭:৩০মি.

সভাপতি	: জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:		
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	কোষাধ্যক্ষ
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক
বিশেষ আমন্ত্রণে উপস্থিত:		
জনাব আব্দুল্লাহ্ এইচ কাফী	-	চেয়ারম্যান, আয়োজক কমিটি, অ্যাসোসিও মাল্টিল্যাটারাল ট্রেড ভিজিট ২০১০

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ২৩ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ এবং অ্যাসোসিও মাল্টিল্যাটারাল ট্রেড ভিজিট ২০১০ আয়োজন প্রসঙ্গে
৪. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ২৩ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি বিগত ২৩ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ২৩ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত

বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

২৪ - ২৮ মার্চ ২০১০

২৪ মার্চ সভাপতি ২০১০ জাতীয় গণমাধ্যম ইন্সটিটিউটে ডিজিটাল বাংলাদেশ বিষয়ক একটি সেমিনার পরিচালনা করেন। ২৫ মার্চ ২০১০ সভাপতি উত্তরার সৈয়দ গ্রান্ড কম্পিউটার সিটির কম্পিউটার মেলার উদ্বোধন করেন। ২৭ মার্চ ২০১০ সভাপতি জামালপুরের ডিজিটাল ফেয়ার উদ্বোধন করেন। ঐদিন তিনি ময়মনসিংহের মুসলিম ইন্সটিটিউটে আগামী দিনের সংস্কৃতি বিষয়ক একটি সেমিনারে বক্তব্য রাখেন। ২৮ মার্চ ২০১০ সকালে সভাপতি প্রধানমন্ত্রীর সচিবালয়ে যান। তিনি সেখানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিসিএস ডিজিটাল এক্সপো ও অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট উদ্বোধন করার বিষয়ে প্রধানমন্ত্রীকে সম্মত করাতে সক্ষম হন। ঐদিন দুপুরে সভাপতি জাতীয় রাজস্ব বোর্ডে বাজেট বিষয়ক একটি সভায় যোগ দেন। ঐদিন তিনি তথ্যপ্রযুক্তিতে অবদান রাখার জন্য বাংলাদেশ কালচারাল ফাউন্ডেশনের কাছ থেকে বিশেষ সম্মাননা গ্রহণ করেন।

আলোচ্যসূচি-৩ : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ এবং অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০ আয়োজন প্রসঙ্গে

আলোচনা : সভাপতি সভায় অবহিত করেন, আগামী ৩১ মার্চ ২০১০ তারিখ বেলা ১০টায় 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' ও 'অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে এবং কৃতিত্বপূর্ণ 'অ্যাসোসিও আইটি অ্যাওয়ার্ড' গ্রহণ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২৮/০৩/২০১০) সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এ জন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ এবং তাঁকে ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাব করেন। এতে সকলে একমত পোষণ করেন।

অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০-এর আয়োজক কমিটির চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ্ এইচ কাফী সভায় অবহিত করেন, আগামী ৩১ মার্চ ২০১০ তারিখ বেলা ১১:৩০মি. - ১২:৩০মি. সময়ের মধ্যে 'অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০'-এ যোগদানের জন্য বিদেশ থেকে আগত প্রতিনিধিদের সাথে সাক্ষাতের জন্য নোবেল পুরস্কার বিজয়ী প্রফেসর মুহাম্মদ ইউনুস সম্মতি জ্ঞাপন করেছেন। তাই, এ সাক্ষাতের সময়ের সাথে সঙ্গতি রেখে উক্ত ট্রেড ভিজিটের অন্যান্য কর্মসূচির সময় নির্ধারণ করা প্রয়োজন। এতে সকলে একমত পোষণ করেন। জনাব কাফী জানান, অ্যাসোসিও'র প্রেসিডেন্ট মি. লুই কিয়েন লীয়ংসহ অন্যান্য যেসব বিদেশি প্রতিনিধিরা আগামী ২৮ ও ২৯ মার্চ ২০১০-এর মধ্যবর্তী রাতে ঢাকায় আসবেন তাদেরকে তিনি বিমান বন্দরে স্বাগত জানাবেন ও হোটেলে নিয়ে আসার ব্যবস্থা করবেন এবং ২৯ মার্চ রাতে তিনি উক্ত প্রতিনিধিদের খাবারের ব্যবস্থা করবেন। তিনি আরো জানান, ৩০ মার্চ রাতে সকল বিদেশি প্রতিনিধিদের সম্মানে তিনি স্বাগত

নৈশভোজের ব্যবস্থা করবেন এবং এ ছাড়াও তিনি ১ এপ্রিল রাতে উক্ত প্রতিনিধিদলের সদস্যদেরকে তার বাসভবনে আপ্যায়নের ব্যবস্থা করবেন।

সভাপতি বলেন, সমিতির সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলমের বিদেশ থেকে দেশে ফিরতে দেরি হলে যুগ্ম-মহাসচিব জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল) বিদেশ থেকে আগত অ্যাসোসিও প্রতিনিধিদলের সদস্যদেরকে বিমান বন্দরে স্বাগত জানানো এবং তাদেরকে হোটেলে নিয়ে আসার ব্যবস্থা করবেন। এতে সকলে একমত পোষণ করেন।

সভাপতি সভায় অবহিত করেন, বিদেশি প্রতিনিধিদলের সদস্যদের 'অন এরাইভ্যাল' ভিসার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ইতোমধ্যে চিঠি দেয়া হয়েছে এবং এ ব্যাপারে সমিতির চীফ্ অপারেটিং অফিসারের সহায়তায় সিসটেক ডিজিটালের সিইও জনাব রাশেদুল হাসান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দায়িত্বে নিয়োজিত রয়েছেন।

সভাপতি সভায় প্রস্তাব করেন, আগামী ২৯ মার্চ ২০১০ তারিখ বেলা ১১টায় সমিতির কনফারেন্স হলে 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' এবং 'অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট ২০১০' আয়োজন উপলক্ষ্যে সংবাদ সম্মেলন আয়োজন করা হবে। এ প্রস্তাবে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

- আগামী ৩১ মার্চ ২০১০ তারিখ বেলা ১০টায় 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' ও 'অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট ২০১০'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে এবং কৃতিত্বপূর্ণ 'অ্যাসোসিও আইটি অ্যাওয়ার্ড' গ্রহণ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২৮/০৩/২০১০) সদয় সম্মত জ্ঞাপন করায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ এবং তাঁকে ধন্যবাদ জ্ঞাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- সমিতির সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলমের বিদেশ থেকে দেশে ফিরতে দেরি হলে যুগ্ম-মহাসচিব জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল) বিদেশ থেকে আগত অ্যাসোসিও প্রতিনিধিদলের সদস্যদেরকে বিমান বন্দরে স্বাগত জানানো এবং তাদেরকে হোটেলে নিয়ে আসার ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৪ : বিবিধ

আলোচনা : সভায় বিবিধ পর্যায়ে কোন আলোচ্যসূচি ছিলো না।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি